

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৪২

৮. পবিত্ৰতা অর্জন (كِتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি রাতে পেশাব করে তারপর ঘুমাতে চায়, তার জন্য মুস্তাহাব হলো রাতের নির্ধারিত যিকির আযকার সম্পাদন করার জন্য শৌচকার্য করার পর মুখমন্ডল ও দুই হাতের কব্জি পর্যন্ত ধৌত করা

ذِكْنُ مَا يُستحب لِلْمَرْءِ إِذَا بَالَ بِاللَّيْلِ وأراد النوم أَنْ يَقُومَ لِوِرْدِهِ أَنْ يَغْسِلَ وَجْهَهُ وَكَفَّيْهِ بعد الاستنجاء

## আরবী

1442 \_ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بن موسى خت \_ وكان خير الرِّجَالِ \_ قَالَ حَدَّثَنَا أَبُو دَاوُدَ قَالَ: أَنْبَأْنَا شُعْبَةُ عَنْ سَلَمَةَ بْنِ كُهَيْلٍ قَالَ: سَمِعْتُ كُرَيْبًا يحدِّث عَنْ اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَامَ فَبَالَ ثُمَّ غَسَلَ وجهه ثم نام.

الراوي: ابْن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1442 | خلاصة حكم المحدث: صحيح .

## বাংলা

১৪৪২. আব্দুল্লাহ বিন আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি আমার খালা মাইমূনা রাদিয়াল্লাহু আনহার বাড়িতে ছিলাম। অতঃপর আমি দেখি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঘুম থেকে উঠেন, অতঃপর পেশাব করেন, তারপর মুখমন্ডল ধৌত করেন, তারপর আবার ঘুমিয়ে যান।"[1]

## ফুটনোট

[1] আবূ দাউদ আত তায়ালিসী: ১/১১৫; আবূ আওয়ানা: ১/২৭৯; সহীহ মুসলিম: ৭৬৩; ইবনু মাজাহ: ৫০৮; সহীহ আব বুখারী: ৬৩১৬; মুসনাদ আহমাদ: ১/২৮৩; আবূ দাউদ: ৫০৪৩; তিরমিযী, আশ শামাইল: ২৫৫; নাসাঈ: ২/২১৮।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সিফাতুস সালাত)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন